# পাঠ্যবইয়ে ভুল: তদন্ত কমিটি গঠন করে প্রজ্ঞাপন

নিজস্ব প্রতিবেদক
৩১ জানুয়ারি ২০২৩ ০২:৩৮ পিএম | আপডেট: ৩১ জানুয়ারি ২০২৩ ০২:৩৮ পিএম
2
Shares



পুরনো ছবি

advertisement

পাঠ্যবইয়ের ভুল-ত্রুটি চিহ্নিত করে তা সংশোধন এবং ভুলের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে সাত সদস্যের দুটি আলাদা তদন্ত কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। আজ মঙ্গলবার এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়।

সংশ্লিষ্টরা জানান, গত রোববার বিকেলে কমিটি দুটির অনুমোদন দেন শিক্ষামন্ত্রী দীপু মনি। তবে দাপ্তরিক কাজ শেষ করে অফিস আদেশ জারি করা সম্ভব হয়নি। আজ জারি করা প্রজ্ঞাপনে বলা হয়েছে, ভুল সংশোধনে এক মাস এবং দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে তিন সপ্তাহের সময় বেঁধে দেওয়া হয়েছে।

advertisement

শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, একটি কমিটির আহ্বায়ক করা হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. ওয়াহেদুজ্জামান চানকে। এ কমিটিতে সদস্য হিসেবে আছেন ঢাবির শিক্ষা গবেষণা বিভাগের শিক্ষক আব্দুল হালিম এবং বিএফ শাহিন কলেজের শিক্ষক আব্দুল মান্নানসহ অনেকে। পাঠ্যপুস্তকে ভুল ও বিতর্কিত বিষয় খুঁজে বের করে ৩০ কর্মদিবসের মধ্যে তাদের শিক্ষা মন্ত্রণালয়ে প্রতিবেদন জমা দিতে হবে।

advertisement 4

আর অন্য কমিটির আহ্বায়ক শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খালেদা আক্তারসহ অনেকে। এ কমিটি ভুল-ভ্রান্তির জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) কোন কোন কর্মকর্তা জড়িত তাদের খুঁজে বের করবে। এ কমিটিকে প্রতিবেদন দিতে হবে ২১ কর্মদিবসের মধ্যে।

এর আগে গত ২৪ জানুয়ারি শিক্ষামন্ত্রী ড. দীপু মনি নতুন শিক্ষাবর্ষের পাঠ্যবইয়ে ভুলভ্রান্তি, তথ্য বিকৃতি ও ধর্মীয় উসকানি সংশোধনসহ জড়িত ব্যক্তিদের চিহ্নিত করতে উচ্চপর্যায়ের দুটি তদন্ত কমিটি গঠনের ঘোষণা দেন।

2
Shares